

২০১৭

বাংলা

(সাম্মানিক)

অষ্টম পত্র

পূর্ণমান : ৬০

সময় : ৩ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

(নূতন পাঠক্রম)

বর্ষ—ক

(লোকসাহিত্য ও লোকসংস্কৃতি)

- ১। লোকবিশ্বাস ও লোকসংস্কারের মধ্যে সম্পর্ক কি? দৃষ্টান্ত দিয়ে লোকবিশ্বাসের বৈজ্ঞানিক ভিত্তি সম্পর্কে তোমার মতামত দাও।

১২

অথবা

লোকসংস্কৃতির সংজ্ঞা দাও। এর বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্ত সহযোগে আলোচনা করো।

২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

১২ × ৬

(ক) 'লোকভাষা' কাকে বলে ? এর বৈশিষ্ট্যগুলি আলোচনা করো ।

(খ) লোকসাহিত্যের সংজ্ঞা দিয়ে এর শ্রেণীবিভাগ করো এবং প্রত্যেকটি বিভাগের দৃষ্টান্তসহ আলোচনা করো ।

(গ) রবীন্দ্রনাথের 'ছেলেভুলানো ছড়া' অবলম্বনে ছড়ার মধ্যে যে 'চিরত্ব' আছে তার পরিচয় দাও ।

(ঘ) 'ব্রত' কাকে বলে ? অবনীন্দ্রনাথ বাংলার ব্রতকে কয়টি ভাগে বিভক্ত করেছেন ? দৃষ্টান্ত সহযোগে প্রতিটি বিভাগের আলোচনা করো ।

(ঙ) 'গীতিকার' সংজ্ঞা দাও । গীতিকা হিসাবে 'চন্দ্রাবতী' পালার সার্থকতা বিচার করো ।

(চ) 'খাঁখা' কাকে বলে ? খাঁখা কয় প্রকার ও কি কি ? প্রতিটি বিভাগের বিশদ আলোচনা করো ।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৪ × ৬

(ক) 'Folklore' এর আভিধানিক অর্থ কি ? এ সম্পর্কে লোকবিদদের অভিমত কী ?

(খ) 'রূপকথা' কি কেবল শিশুদের সাহিত্য ? এ বিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ।

- (গ) 'চন্দ্রাবতী' পালায় প্রতিফলিত সমাজের বিবরণ দাও ।
- (ঘ) 'ঝুমুর' নামকরণের তাৎপর্য আলোচনা করো ।
- (ঙ) ক্ষেত্র সমীক্ষা ভিন্ন লোকসংস্কৃতি চর্চা সম্পূর্ণ হতে পারে না— মন্তব্যটি আলোচনা করো ।
- (চ) যে কোনো একটি টীকা লেখো :
টোটেম, মানভ, প্রবাদ ।

বর্গ—খ

(কথাসাহিত্য)

- ১। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১২×৩
- (ক) 'ইছামতী' উপন্যাসে লেখকের আত্মজীবনের প্রতিফলন কতদূর ঘটেছে তা পর্যালোচনা করো ।
- (খ) 'প্রথম প্রতিশ্রুতি'—তে নারীর সংগ্রামের ইতিবৃত্ত উপস্থাপনে লেখিকার কৃতিত্ব বিচার করো ।
- (গ) 'গৌড়মল্লার' উপন্যাসের ঐতিহাসিকতা বিচার করো ।
- (ঘ) 'শাস্ত্র'—উপন্যাসে পুরাণের নবরূপায়নে লেখকের কৃতিত্ব পরিমাপ করো ।

২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২×১

(ক) 'বেদেনী' গল্পে তীব্র যৌবনাসক্তির পরিচয় উপস্থাপনে লেখকের কৃতিত্ব পর্যালোচনা করো।

(খ) 'প্রাগৈতিহাসিক' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

(গ) 'হয়তো' গল্পের শিক্ষারীতি বিশ্লেষণ করো।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩

(ক) 'শাস্ত্র' উপন্যাসে নিজের কুষ্ঠ নিরাময়ের জন্য শাস্ত্র কী উপায় অবলম্বন করেছিলেন তা সংক্ষেপে লেখো।

(খ) 'রসময়ীর রসিকতা' গল্প অবলম্বনে প্রভাতকুমারের হাস্যরস সৃজন-কৌশল বর্ণনা করো।

(গ) 'টোপ' গল্পে ভয়াল সুন্দর অরণ্য-প্রকৃতির বর্ণনায় গল্পকারের কৃতিত্ব পরিমাপ করো।

(ঘ) 'অশ্বমেধের ষোড়া'-য় লেখকের মূল প্রতিপাদ্য কী ?

(ঙ) 'বেদেনী' গল্পে বেদে-জীবনের যে আলেখ্য উপস্থিত তা, সংক্ষেপে বর্ণনা করো।

বর্গ-গ

(নাটক)

- ১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২×১
- (ক) বাংলা নাটকে শেক্সপীয়রের প্রভাব বিষয়ে আলোচনা করো ।
- (খ) অ্যাবসার্ড দর্শন কী ? বাংলা নাটকে এই দর্শনের প্রতিফলন কীভাবে ঘটেছে— আলোচনা করো ।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১২×৩
- (ক) প্রহসন হিসাবে 'সখবার একাদশী'র সার্থকতা বিচার করো ।
- (খ) সাংকেতিক নাটক হিসাবে 'ডাকঘর'-এর মূল্যায়ন করো ।
- (গ) 'বল্লভপুরের রূপকথা' নাটকটির আঙ্গিক পর্যালোচনা করো ।
- (ঘ) 'কণ্ঠনালীর সূর্য' নাটকটির নামকরণের যথার্থতা বিচার করো ।
- ৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ৪×৩
- (ক) কোন্ বাঙালী নাট্যকারের নাটকে শেক্সপীয়রের প্রভাব সবচেয়ে বেশী পড়েছে ? তাঁর এ জাতীয় নাটকগুলির উল্লেখ করো ।

- (খ) বাদল সরকারের নাটকে অ্যাবসার্ড দর্শনের প্রতিকলন কীভাবে ঘটেছে সংক্ষেপে লেখো ।
- (গ) 'সখবার একাদশী'-র নিমর্চাঁদ চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো ।
- (ঘ) রবীন্দ্রনাথের রপক-সাহকৈতিক নাটক রচনার উৎসে ত্রিমাশীল পাশ্চাত্য নাটকের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

বর্গ-ঘ
(রবীন্দ্রসাহিত্য)

- ১। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১২×১
- (ক) 'ক্যামেলিয়া' কবিতাটির ভাব-সৌন্দর্য বিচার করো ।
- (খ) 'মানবপুত্র' কবিতায় কবির দার্শনিক উপলক্ষির যে স্বরূপ প্রকাশিত হয়েছে তা বিশ্লেষণ করো ।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও : ১২×৩
- (ক) 'যোগাযোগ' উপন্যাসের কুমুদিনী চরিত্রটির মধ্যে যে মনস্তত্ত্ব ধরা পড়েছে তা বিশ্লেষণ করো ।
- (খ) 'সত্যের আহ্বান' প্রবন্ধে রবীন্দ্রনাথ কোন্ সত্যকে আহ্বান করতে চেয়েছেন ?

(গ) 'রাজা' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

(ঘ) 'পোস্টমাস্টার' গল্পে রতন ও পোস্টমাস্টারের দুর্যোগম্য সম্পর্ক নিয়ে আলোচনা করো।

(ঙ) 'নিশীথে' গল্পটি মনস্তাত্ত্বিক গল্প হিসাবে কতখানি সার্থক বিচার করো।

(চ) 'কোপাই' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের প্রকৃতি প্রেমের পরিচয় দাও।

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৪×৩

(ক) 'বাঁশী' কবিতায় বাঁশীর রূপকার্থ ব্যাখ্যা করো।

(খ) 'ছেলেটা' কবিতায় কবির বস্তু-সচেতনতার পরিচয় দাও।

(গ) 'যোগাযোগ' কবে গ্রন্থাকারে প্রকাশিত হয় এটি কোন্ পত্রিকায় কোন্ সময়ে প্রকাশিত হয়। এই উপন্যাসের পূর্বনাম কি ছিল ?

(ঘ) 'বাতায়নিকের পত্র' প্রবন্ধে 'বাতায়নিক' কথাটির তাৎপর্য কী ?

- (ঙ) 'রাজা' নাটকের সুরঙ্গমা চরিত্রটি বিশ্লেষণ করো ।
- (চ) 'গুপ্তধন'-এ মৃত্যুঞ্জয়ের স্বর্ণতৃষা কোন্ জীবনাকাল্পকার কাছে পরাজিত হল বিশ্লেষণ করো ।
-